

পিতামাতা এবং অভিভাবকদের জন্য তথ্য

গুরুতর জন্মগত হৃদরোগ (Critical Congenital Heart Disease, CCHD)

CCHD-এর জন্য পালস অক্সিমিট্রি স্ক্রীনিং

নবজাতকের স্ক্রীনিং কী?

নবজাতকের স্ক্রীনিং হলো একটি সহজ উপায় যার মাধ্যমে দেখা হয় যে আপনার শিশুর কোনো গুরুতর স্বাস্থ্য সমস্যা আছে কিনা, যার অবিলম্বে চিকিৎসার প্রয়োজন।

গুরুতর জন্মগত হৃদরোগ কী?

গুরুতর জন্মগত হৃদরোগ হলো একটি চিকিৎসাগত সমস্যা। এটি তখন ঘটে যখন একটি শিশুর হৃৎপিণ্ড বা হৃৎপিণ্ডের কাছের প্রধান রক্তনালীগুলি সঠিকভাবে গঠিত হয় না। হৃৎপিণ্ড হয়তো ভালোভাবে কাজ নাও করতে পারে এবং রক্তে পর্যাপ্ত অক্সিজেন নাও থাকতে পারে।

শিশুদের CCHD-এর জন্য স্ক্রীনিং করা কেন গুরুত্বপূর্ণ?

প্রথমে, হৃৎপিণ্ডের ত্রুটিযুক্ত কিছু শিশুকে সুস্থ মনে হতে পারে। যদি স্ক্রীনিং করার আগেই এই শিশুদের বাড়িতে পাঠানো হয়, তবে তাদের গুরুতর অসুস্থতা বা মৃত্যুর ঝুঁকি থাকে।

CCHD-এর জন্য স্ক্রীনিং কীভাবে করা হয়?

স্ক্রীনিংয়ের একটি অংশ হলো পালস অক্সিমিট্রি নামক একটি পরীক্ষা, যাকে কখনও কখনও “pulse ox” বলা হয়। এটি বিপজ্জনক হৃদরোগ আগেভাগে শনাক্ত করতে সাহায্য করতে পারে। এই পরীক্ষাটি শিশুর রক্তে অক্সিজেনের পরিমাণ এবং তাদের পালস রেট পরিমাপ করে।

পালস অক্সিমিট্রি দ্রুত, সহজ এবং ব্যথাহীন। একটি ছোট, নরম সেন্সর শিশুর হাতে এবং পায়ে পঁচিয়ে রাখা হয়। সার্বজনীন নবজাতক স্ক্রীনিংয়ের অংশ হিসাবে, নিউ ইয়র্ক স্টেটে জন্মগ্রহণকারী প্রতিটি শিশুর জন্মের 24 ঘণ্টা পরে পালস অক্সিমিট্রি স্ক্রীনিং করা হবে যাতে CCHD-এর কোনো লক্ষণ আছে কিনা তা দেখা যায়। 24 ঘণ্টা অপেক্ষা করলে শিশুর হৃৎপিণ্ড এবং ফুসফুস মায়ের শরীরের বাইরের জীবনের সাথে পুরোপুরি মানিয়ে নিতে পারে।

পালস অক্সিমিট্রি রিডিং কম হলে কী হবে?

কিছু শিশুর pulse ox কম হতে পারে (অক্সিজেনের মাত্রার রিডিং কম)। আরো পরীক্ষার প্রয়োজন আছে কিনা তা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী সিদ্ধান্ত নেবেন। আপনার শিশুর একটি এক্স-রে বা একটি ইলেকট্রোকার্ডিওগ্রাম (“EKG”), এবং/অথবা একটি আল্ট্রাসাউন্ড-এর প্রয়োজন হতে পারে। হৃৎপিণ্ডের আল্ট্রাসাউন্ডকে হার্ট ইকো বা ইকোকার্ডিওগ্রাম বলা হয়।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনার শিশুকে একজন শিশুর হৃদরোগ বিশেষজ্ঞ (কার্ডিওলজিস্ট) বা অন্যান্য বিশেষজ্ঞদের কাছে রেফার করতে পারেন। অক্সিজেনের মাত্রা কম থাকার অর্থ সবসময় এই নয় যে একটি শিশুর CCHD আছে। কিছু সুস্থ শিশুরও অক্সিজেনের মাত্রার রিডিং কম হতে পারে যখন জন্মের পর তাদের হৃৎপিণ্ড এবং ফুসফুস মানিয়ে নিতে থাকে। অন্যান্য চিকিৎসাগত সমস্যাও থাকতে পারে যার কারণে আপনার শিশুর পরীক্ষার ফলাফল এমন আসতে পারে।

পিতামাতাদের কী জানা দরকার?

পালস অক্সিমিট্রি স্ক্রীনিংয়ে পাস করা বেশিরভাগ শিশুর CCHD-এর সতর্ককারী লক্ষণ থাকবে না। পিতামাতাদের সতর্ককারী লক্ষণগুলির দিকে নজর রাখা উচিত যেমন ঠোঁট বা হৃৎকের রঙ নীলচে হয়ে যাওয়া, শ্বাস নেওয়ার সময় গোঙানির শব্দ করা, দ্রুত শ্বাস নেওয়া, নাসারন্ধ্র ফুলে ওঠা, ঠিকমতো না খাওয়া, অতিরিক্ত ঘুমভাব এবং ওজন ঠিকমতো না বাড়া। যদি আপনার শিশুর মধ্যে এই লক্ষণগুলির কোনোটি দেখা যায়, তবে অবিলম্বে আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

CCHD-এর জন্য নবজাতকের স্ক্রীনিং সম্পর্কে আমার আরও প্রশ্ন থাকলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি?

নবজাতকের স্ক্রীনিং সম্পর্কে আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন বা এখানে ভিজিট করুন:

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention)

cdc.gov/heart-defects/screening

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health)

health.ny.gov/community/infants_children/critical_congenital_heart_disease_screening/